

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(০৩).১৭- ৫৫৪

তারিখ: ০৫.০৯.২০১৭ খ্রি:।

বিষয়: মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসার স্মারক নং- মু,অ,।,জ,।,ফ,।মা২০১৭/১৬১

তারিখ: ১৭.০৮.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: তরিকুল ইসলাম, বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডারের একজন কর্মকতা এবং নড়িয়া সরকারি কলেজ, নড়িয়া, শরীয়তপুর এর রাষ্ট্র বিজ্ঞান বিভাগের একজন প্রভাষক মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারিভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করা অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদ্রাসায় তিনি (জনাব মো: তরিকুল ইসলাম) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: তরিকুল ইসলাম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: তরিকুল ইসলাম, প্রভাষক, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ, নড়িয়া সরকারি কলেজ, নড়িয়া, শরীয়তপুর -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

A. M. A.  
05.09.17

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনিয়র মাদ্রাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-০২-৯৩৪৫৮৮০

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অধ্যক্ষ  
মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসা, ডাক-মূলফৎগঞ্জ, উপজেলা: নড়িয়া, শরীয়তপুর।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. অধ্যক্ষ, নড়িয়া সরকারি কলেজ, নড়িয়া, শরীয়তপুর।

৪. সভাপতি, মূলফৎগঞ্জ আজিজিয়া জালালিয়া ফাজিল মাদ্রাসা, ডাক-মূলফৎগঞ্জ, উপজেলা: নড়িয়া, শরীয়তপুর।

৫. জনাব মো: তরিকুল ইসলাম, প্রভাষক, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ, নড়িয়া সরকারি কলেজ, নড়িয়া, শরীয়তপুর।

৬. অফিস কপি।